

২৪

এসএসসি পরীক্ষা শুরু ৮ মার্চ

পরীক্ষার্থী ১০ লাখ ৩৩ হাজার

মুসভাক আহমদ

আগামী ৮ মার্চ সারাদেশে ২০০৭ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। এ পরীক্ষায় এবার মোট ১০ লাখ ৩৩ হাজার ৩৬৫ জন শিক্ষার্থী অংশ নেবে। এদের মধ্যে ৮টি শিক্ষাবোর্ডের অধীনে এসএসসিতে ৮ লাখ ১ হাজার ৯৫৮ মাদ্রাসা বোর্ডের অধীনে দাবিলে ১ লাখ ৬৮ হাজার ৩৮ এবং করিগরি পরীক্ষা : পৃষ্ঠা ২ : কলাম ৫

পরীক্ষা : এসএসসি

(শেষ পৃষ্ঠার পর)

শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি ভোকেশনালে ৬৩ হাজার ৩৬১ জন পরীক্ষার্থী রয়েছে। গত বছরের চেয়ে এবার পরীক্ষার্থী সংখ্যা প্রায় ৩০ হাজার বেড়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সর্গদ্বি সূত্র জানায়, এবারের পরীক্ষার্থীর এই সংখ্যা আরও বাড়বে। ইতিমধ্যে পরীক্ষার সিডিউল প্রকাশ করা হয়েছে।

বিগত বছরগুলোর মতো এবারের পরীক্ষাও নকলমুক্ত ও শাস্তিপর্যায়ের অন্তর্ভাবের প্রস্তুতি নিচ্ছে সরকার। এরই অংশ হিসেবে আগামী মাসের মাঝামাঝিতে নয়টি শিক্ষাবোর্ডের জন্য সারাদেশে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হবে। শিক্ষাবোর্ড ওইসব সভার আয়োজন করবে এবং শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি তাতে উপস্থিত থাকবেন। সর্বশেষ তথ্য অনুযায়ী এবার সাতটি শিক্ষাবোর্ডের অধীনে মোট ৮ লাখ ১ হাজার ৯৫৮ পরীক্ষার্থী অংশ নেবে। এদের মধ্যে ঢাকা বোর্ডে রয়েছে ২ লাখ ৩১ হাজার ৭৩১ জন। এর মধ্যে ছাত্র ১ লাখ ২১ হাজার ২৫২ জন। মাদ্রাসা শিক্ষাবোর্ডে ১ লাখ ১২ হাজার ৬২২ জন ছাত্র ও ১ লাখ ৫৩৪ জন ছাত্রীসহ মোট পরীক্ষার্থী ২ লাখ ১৩ হাজার ১৫৬ জন। কুমিল্লা বোর্ডে মোট পরীক্ষার্থী ৯০ হাজার ৯৩৫ জন। ছাত্র ৪৫ হাজার ৮১৭ এবং ছাত্রী ৪৫ হাজার ১১৮ জন। যশোর বোর্ডে এবার পরীক্ষা দেবে ১ লাখ ১৮ হাজার ৮৪১ জন। এদের মধ্যে ছাত্র ৬৩ হাজার ৪৫১ জন এবং ছাত্রী ৫৫ হাজার ৩৯০ জন। ঠাকুরগাঁও বোর্ডে ৬২ হাজার ৫২৬ জনের মধ্যে ছাত্র ৩১ হাজার ৬২৭ এবং ছাত্রী ৩০ হাজার ৮৯৯ জন। বরিশাল বোর্ডে ২৬ হাজার ৩৩৪ জন ছাত্র ও ২৫ হাজার ৮২৯ জন ছাত্রীসহ ৫২ হাজার ১৬৩ জন পরীক্ষার্থী রয়েছেন। সিলেট বোর্ডে পরীক্ষা দেবে মোট ৩২ হাজার ৬০৬ জন। এদের মধ্যে ছাত্র ১৫ হাজার ৪৯২ এবং ছাত্রী ১৭ হাজার ১১৪ জন। মন্ত্রণালয় সূত্র জানায়, কম্পিউটার সেক্টরের ডিটিবেজের কাজ চলছে। এই সংখ্যার সঙ্গে অনিয়মিত ও মনোনায়ন পরীক্ষার্থীসহ পরীক্ষার্থীর সংখ্যা আরও কিছু বাড়তে পারে।

পরীক্ষা ৮ মার্চ শুরু হয়ে শেষ হবে ৪ এপ্রিল। ১০ এপ্রিল শুরু হবে ব্যবহারিক পরীক্ষা। শেষ হবে ১৯ এপ্রিল। গত বছর দেশের ৯টি শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি, এসএসসি ভোকেশনাল ও মাদ্রাসার দাবিল পরীক্ষার্থী ছিল ১০ লাখ ৫৬৪ জন। এর মধ্যে ৭টি সাধারণ বোর্ডে এসএসসির ৭ লাখ ৮৯ হাজার ৫৬৯ জন, দাবিলে ১ লাখ ৬২ হাজার ৭০৫ জন এবং এসএসসি ভোকেশনালে পরীক্ষার্থী ছিল ৪৮ হাজার ১৬০ জন। এবার ভোকেশনাল ও মাদ্রাসা বোর্ডে কেন্দ্রসংখ্যা বাড়ানো হয়েছে বলে জানা যায়। বিদেশের ৭টি কেন্দ্রসহ সারাদেশে ৮৯২টি কেন্দ্রে এসএসসি, ৪৬৫টি কেন্দ্রে দাবিল এবং ৫৩৫টি কেন্দ্রে ভোকেশনাল পরীক্ষা নেয়া হবে।